

ভোর (Dawn)

©©Deepak Sarkar, Written: July 15, 2000, Redwood Shores, CA, USA

ভোর হচ্ছে, পাখী ডাকছে,
আলো ফুটছে, কুড়ি হাসছে;
পাখী উড়ছে, ডানা মেলছে,
পাতা নড়ছে, জীবন হাসছে;
পশুদের মাঝে ব্যস্ততা
এই আঁধারে আলোর সংকেতে -
এসো এসো এসো ভোর দেখি ।

রোদ হেসেছে, ফুল ফুটেছে,
ভ্রমর এসেছে, রেণু মেখেছে;
পাখী এসেছে, মধু লুটেছে,
নানা সুরে তারা তান ধরেছে;
চারিদিকে এই সুরের মাঝেতে
আমাদের সুর মেলাতে -
এসো এসো এসো গলা সাধি ।

পশু খেলছে, পাখী খেলছে,
কীটপতঙ খেলায় মেতেছে;
হাস উড়ছে, দল বাধছে,
সুদূরের পারে পারি দিচ্ছে;
জলে শ্বলে আকাশেতে
প্রাণের চঞ্চলতার তালে তালে -
এসো এসো এসো খেলা করি ।

ভোর (Dawn)

©©Deepak Sarkar, Written: July 15, 2000, Redwood Shores, CA, USA

সাইরেন্ বেজেছে, গাড়ী ছুটেছে,
স্কুল কলেজের ক্লাস জমেছে;
মজুর খাটছে, চাষী খাটছে,
বিমান উড়ছে, জীবন চলছে;
পুরাতন যা ভালো সেটা রেখে
নূতনের স্থান করে দিতে -
এসো সবে মিলে কাজ করি ॥